পুলিশ দেখেই ভো দৌড়। তারপরেও রেহায় পেলোনা মাদক ব্যবসায়ী

পুলিশ দেখেই ভো দৌড়। তারপরেও পুলিশের হাত থেকে রেহায় পেলোনা মাদক ব্যবসায়ী জহিরুল ইসলাম (৩০)। অবশেষে ৫ গ্রাম হেরোইনসহ পুলিশের হাতে আটক হলেন জাহিরুল ইসলাম।

আজ সোমবার (১৫ আগষ্ট) দুপুরের দিকে মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) আলামিন হোসেনের নেতৃত্বে পুলিশের একটি টিম শহরের পন্ডের ঘাট এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করেন।

আটক জহিরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার রাজাপুর গ্রামের দবির আলীর ছেলে।

এসআই আলামিন বলেন, গ্রেফতারী পরোয়ানা তামিল ও বিশেষ অভিযান ডিউটি করাকালীন সময় গোপন সংবাদের ভিত্তিতে খবর আসে শহরের পন্ডের ঘাট এলাকায় মাদকদ্রব্য হেরোইন বিক্রয় হচ্ছে।

খবর পেয়ে পুলিশের ওই টিমটি তাৎক্ষনিক ভাবে ঘটনাস্থলে পৌছানো মাত্রই পুলিশ দেখে আসামি জহিরুল দৌড়ে পালানোর চেষ্টা করে। এসময় পুলিশের টিম তাকে ধাওয়া দিয়ে আটক করে। তার শরীর তল্লাশী করে ৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

আটক আসামীর বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় ২০১৮ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ৮(ক) ধারায় মামলা রুজু করা হয়েছে। যার মামলা নং-২৩, তাং-১৫/০৮/২০২২। পরে আজ সোমবার (১৫ আগষ্ট) বিকালে বিচারের জন্য মেহেরপুরের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে চুরি ও তিনটি মাদক

মামলার আসামি রুবেল হেরোইনসহ গ্রেফতার

চুরি ও তিনটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৪ টি মামলার এজাহার নামীয় পলাতক আসামী রুবেল হোসেনকে ৩ গ্রাম হেরোইনসহ গ্রেফতার করেছেন মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম।

মেহেরপুর সদর থানার এসআই শুভ কুমার, এএসআই শাকিল খান, এএসআই শাহাজামাল ও সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

এসময় তার কাছ থেকে ৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। গতকাল বুধবার সন্ধ্যায় রুবেল হোসেনের কলেজ মোড়ের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে পুলিশ। রুবেল হোসেন মেহেরপুর শহরের কলেজ মোড় এলাকার নাজির হোসেনের ছেলে।

তার নামে মেহেরপুর সদর থানায় ৩৬(১) স্বারণীর ৮(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, মামলা নং ১৫/৩২০, তারিখ ১৯/১১/২০২০, ৩৭৯ পেনাল কোর্ড ১৮৬০, যার মামলা নং ৩১, তারিখ ৩০/১২/২০১৩, ধারা ২৫ এ(বি) ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের মামলা নং ২৬, তারিখ ২৪/১১/২০১২ ও ধারায় ৩৮০/৪৫৭ পেনালকোর্ড ১৮৬০ এর মামলা নং ২৫, তারিখ ২৩ নভেম্বর ২০১২ এর এজাহার নামীয় পলাতক আসামী।

এএসআই শাকিল খান বলেন, শীর্ষ মাদক ব্যবসায়ী রুবেল হেরোইন বিক্রি করছে এমন সংবাদে তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়েছে।

মাদকদ্রব্য নিয়ন্তণ আইনে আরো একটি মামলা দিয়ে গ্রেফতারকৃত রুবেলকে বুধবার সন্ধ্যায় আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযান চালিয়ে ১০ গ্রাম হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আটকৃতরা হলেন, মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকার ইছার উদ্দীনের ছেলে তাইজেল ইসলাম (৪০) ও সোহরাব হোসেনের ছেলে সাইফুল ইসলাম (৩৬)।

সোমবার দুপুরের দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে তাদের দুজনকে গ্রেফতার করেন। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের এসআই বিশ্বজিৎ এর নেতৃত্বে ডিবির এসআই জুম্মান, এএসআই মাহাতাব, এএসআই মাসুদ রানা সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন।

এসময় তাদের দেহ তল্লাশী করে ১০ গ্রাম হেরোইন জব্দ করা হয়।

আটক দুই মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দেওয়া হয়েছে। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

এই দুই মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পূর্বেও একাধিক মামলা রয়েছে। আটকদের মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে ৮ টি মামলার আসামীসহ ২ জন আটক, ৬ গ্রাম

হেরোইন জব্দ

মেহেরপুর সদর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৬ গ্রাম হেরোইন ও ৮ টি মামলার আসামীসহ দুই মাদক বিক্রেতা আটক হয়েছে।
এরা হলেন, সাইফুল ইসলাম(৪০) ও কামরুজ্জামান(৩০)।
সোমবার (২৫ জুলাই) দিবাগত রাত ৮ টার দিকে সদর উপজেলার বামন পাড়া এলাকায় অভিযান চালিয়ে এই দুজনকে আটক করে পুলিশ। এসময় তাদের দেহ তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে ছয় গ্রাম হেরোইন উদ্ধার করে পুলিশ।
মেহেরপুর সদর থানার এসআই জুম্মান খানের নেতৃত্বে এ এস আই ইব্রাহিম বিশ্বাস ও এএস আই মোহাম্মদ মাহবুব সহ-সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালান।
আটককৃত সাইফুল ইসলাম সদর উপজেলার বামন পাড়া এলাকার মানারুল ইসলামের ছেলে এবং কামরুজ্জামান মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকার মৃত আব্দুল মুমিন শেখের ছেলে। দুজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।
আটক সাইফুল ইসলামের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে আটটি মামলা রয়েছে।
মঙ্গলবার (২৬ জুলাই) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মেহেরপুরে হেরোইনসহ জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা আটক

মেহেরপুর জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা ও তার দুই সহযোগীকে হেরোইনসহ আটক করেছে ৬ বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ঝাঁঝাঁ ক্যাম্পের সদস্যরা।

আটকরা হলেন, জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা মেহেরপুর শহরের বেড়পাড়া এলাকার সিরাজুল ইসলামের ছেলে, শহরের নতুন পাড়া এলাকার আবুল কাশেমের ছেলে লালন শেখ ও বেড় পাড়া এলাকার নুরুল ইসলামের ছেলে ইসরাফিল। গতকাল সোমবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে

আটকের পর রাত সাড়ে নয়টার দিকে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়। আটকের সময় বিজিবি সদস্যরা তাদের কাছ থেকে ৬.৬ গ্রাম হেরোইন উদ্ধার করেছে।

ঝাঁঝা বিজিবি ফাঁড়ির নায়েব সুবেদার জামাল হোসেন জানান, বিজিবি’র একটি টহল দল হরিরামপুর এলাকায় টহল থাকাকালীন সময়ে জুয়েল, লালন এবং ইস্রাফিলকে সন্দেহজনক ভাবে ঘোরাফেরা করতে দেখে। এসময় বিজিব সদস্যরা তাদের চ্যালেঞ্জ করে। প্রথম দিকে নিজেদেরকে তাঁতী লীগের সাধাণ সম্পাদক পরিচয় দিয়ে বিজিবির উপর চড়াও হয়। পরে বিজিবি তাদের চড়াওকে পাত্তা না দিলে অবস্থা বেগতিক দেখে পালানোর চেষ্টা করে।

বিজিবি সদস্যরা তাদেরকে ধাওয়া আটক করেন। এসময় তাদের কাছ থেকে ৬.৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।. এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দিয়ে পুলিশে হস্তান্তর করেছে।

মেহেরপুর সদর থানার তদন্ত অফিসার মেজবাহ উদ্দীন আহম্মেদ জানান, বিজিবির পক্ষ থেকে মামলা দেয়া হয়েছে এটি এফআইআরভুক্ত হতে প্রক্রিয়াধীন।

উল্লেখ্য, এর আগে ২০২০ সালের ১৩ অক্টোবর মেহেরপুর শহরের ফুলবাগানপাড়ার একটি বাড়িতে চুরির মামলায় জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানার দুই বছর সাজা দেন আদালত। সে মামলায় উচ্চ আদালত থেকে জামিনে রয়েছেন জুয়েল রানা।

মুজিবনগর থানা পুলিশের অভিযানে ৭ গ্রাম হেরোইনসহ ২ জন আটক

পৃথক দুটি অভিযান চালিয়ে ৭ গ্রাম হেরোইনসহ দুই ব্যক্তিকে আটক করেছেন মুজিবনগর থানা পুলিশ।

এরা হলেন, মুজিবনগর উপজেলার মোনাখালি গ্রামের জাকিরুল ইসলাম

ওরফে জাকিরের ছেলে নাহিদ হোসেন (২৬) ও একই উপজেলার আনন্দবাস গ্রামের খোদা বকসের ছেলে স্টেু বিশ্বাস (৪৭)।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, রবিবার সন্ধ্যার দিকে মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) উত্তম কুমারের নেতৃত্বে পুলিশের একটি ইউনিট আনন্দবাস গ্রামে অভিযান চালিয়ে ৩ গ্রাম হেরোইনসহ সেন্টু বিশ্বাসকে আটক করেন। এছাড়া মুজিবনগর থানার এসআই ইসরাফির হোসেনের নেতৃত্বে অপর একটি অভিযানে মোনাখালি গ্রামের জাকিরুল ইসলাম ওরফে জাকিরের ছেলে নাহিদ হোসেনকে ৪ গ্রাম হেরোইনসহ আটক করেন।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণীর ৮(ক) ধারায় পৃথক দুটি নিয়মিত মামলা দিয়ে আজ সোমবার (৪ জুলাই) আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে হেরোইনসহ একজন আটক

মেহেরপুরের গাংনীতে ৫০ গ্রাম হেরোইন সহ সোহেল(৩৪) নামের এক মাদক ব্যবসায়ী কে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ।

আজ রবিরার বিকালে গোপন সংবাদের ভিত্তিতে গাংনীর হিন্দা বাজার এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী গাংনীর আড়পাড়া গ্রামের জাফর আলীর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশ জানায়, পুলিশ সুপার এস এম মুরাদ আলির নির্দেশে গতকাল বিকালে ৫০ গ্রাম হেরোইন সহ মাদক ব্যবসায়ী সোহেলকে গ্রেফতার করা হয়। যার অনুমান মুল্য পাচ লক্ষ টাকা, এ বিষয়ে মাদক দ্রব্য আইনে মামলা করা হয়েছে।